সমকাল

তারিখ 06 OCT 2017
পৃষ্ঠা ২ কলাম

# নানা কর্মসূচিতে বিশ্ব শিক্ষক দিবস পালিত

■ সমকাল প্রতিবেদক

র‍্যালি, আলোচনা সভা, সেমিনারসহ নানা কর্মসূচিতে পালিত হলো 'বিশ্ব শিক্ষক দিবস'। গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাব, ঢাকা রিপোর্টার্স ইউনিটিসহ বিভিন্ন স্থানে পৃথক কর্মসূচি পালন করে শিক্ষক সংগঠনগুলো। কর্মসূচি থেকে শিক্ষক নেতারা ইউনেস্কো এবং আইএলও প্রণীত শিক্ষকদের অধিকার ও মর্যাদাবিষয়ক সুপারিশমালা বাস্তবায়নের দাবি জানান।

এ বছর শিক্ষক দিবসের প্রতিপাদ্য 'স্বাধীন চিত্তে শিক্ষাদান, শিক্ষকদের ক্ষমতায়ন'। ১৯৯৪ সাল থেকে জাতিসংঘের আহ্বানে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি পালিত হয়।

স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ) সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করে। 'বিশ্ব শিক্ষক দিবস ও শিক্ষকদের মর্যাদা' শীর্ষক ওই সভায় প্রধান অতিথি হিসেবে খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম এবং বিশেষ অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বক্তব্য রাখেন। স্বাশিপের সাধারণ সম্পাদক অধ্যক্ষ শাহজাহান আলম সাজুর সভাপতিত্বে ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৪

# নানা কর্মসূচিতে বিশ্ব শিক্ষক

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর সাজিদুল ইসলাম, অধ্যক্ষ শরীফ আহমেদ সাদী, সাইদুর রহমান পান্না। সভায় খাদ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার শিক্ষার উন্নয়নে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। শিক্ষকদের জীবনমান উন্নয়নে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণের চিন্তাভাবনা করছে।

আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, অবশ্যই শিক্ষকদের মর্যাদা বাড়াতে হবে। আমলাতান্ত্রিক প্রশাসন নয়, শিক্ষাতান্ত্রিক প্রশাসন প্রয়োজন।

জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করে মাধ্যমিক স্কুল শিক্ষা (দ্বাদশ শ্রেণি পর্যন্ত) জাতীয়করণ লিয়াজোঁ কমিটি। সভা থেকে আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে মাধ্যমিক স্কুল শিক্ষা জাতীয়করণের ঘোষণা এবং ২০১৮ সালের ১ জানুয়ারির মধ্যে তা কার্যকরের দাবি জানানো হয়।

কমিটির সভাপতি ড. ইদ্রিস আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান। অন্যান্যের মধ্যে নায়েমের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ড. আতিকুল ইসলাম পাঠান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক (অব.) ড. সাধন কুমার বিশ্বাস, ঢাকা জেলা শিক্ষা কর্মকর্তা বেনজীর আহমেদ, লিয়াজোঁ কমিটির প্রধান উপদেষ্টা আবদুল জলিল, শিক্ষক সমিতির সভাপতি শাহ আলম, লিয়াজোঁ কমিটির যুগ্ম আহ্বায়ক জসিম উদ্দিন, নুরুল ইসলাম, প্রদীপ কুমার সাহা, রাজধানীর উত্তরার কাচকুরা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফরিদ উদ্দীনসহ সংগঠনের বিভিন্ন নেতা উপস্থিত ছিলেন।

রাজধানীর মিরপুর সিদ্ধান্ত হাই স্কুলে যৌথ উদ্যোগে আলোচনা সভার আয়োজন করে বাংলাদেশ শিক্ষক সমিতি ও বাংলাদেশ শিক্ষক-কর্মচারী সংগ্রামী ঐক্যজোট। সভা থেকে বক্তারা শিক্ষকদের মর্যাদা প্রতিষ্ঠায় ইউনেস্কো ও আইএলওর সুপারিশমালা বাস্তবায়নের দাবি জানান।

সংগঠনের প্রধান সমন্বয়কারী মো. নজরুল ইসলাম রনির সভাপতিত্বে সভায় বাংলাদেশ শিক্ষক সমিতির সিনিয়র সহসভাপতি মীর আবদুল মালেক, মহাসচিব মো. রিয়াজ উদ্দিন, সহসভাপতি মো. আমিনুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

দুপুরে জাতীয় প্রেস ক্লাবে 'নগ্ন দলীয়করণে বিপর্যস্ত শিক্ষাব্যবস্থা' শীর্ষক সেমিনারের আয়োজন করে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। জোটের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভূঁইয়ার সভাপতিত্বে সেমিনারে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মওদুদ আহমদ, বিএনপির ভাইস চেয়ারম্যান শওকত মাহমুদ, সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না, প্রকৌশলী মাহমুদুর রহমান, শিক্ষাবিদ ড. সদরুল আমিন, সাংবাদিক আবদাল আহমদ, শিক্ষক নেতা বাহাউদ্দিন বাহার প্রমুখ বক্তব্য রাখেন।

শেকৃবি প্রতিনিধি জানান, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নেতৃত্বে একটি র‍্যালি হয়। পরে 'মানসম্মত শিক্ষার জন্য শিক্ষা পদ্ধতির উন্নয়ন' শীর্ষক আলোচনা সভার আয়োজন করে বাংলাদেশ শিক্ষা পর্যবেক্ষক সোসাইটি। শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মো. নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ, প্রফেসর মো. রুহুল আমিন, অধ্যক্ষ এম শরীফুল ইসলাম প্রমুখ।